দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০

পুন:দরপত্র বিজ্ঞপ্তি নং দুদক/প্রশাঃ ও লজিঃ/৯১/০৮(অংশ-১)/৮৩৬২ **তারিখ: ০২/০৫/২০১১**

দরপত্র তফসিল

বিষয়: মাইক্রোবাস ভাড়ার দরপত্র প্রস্তাব ও শর্তাবলী।

দুর্নীতি দমন কমিশন প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে আনা-নেয়ার জন্য সিএনজিতে রূপান্তরিত এবং সিএনজির পাশাপাশি পেট্রোল ব্যবহারের সুবিধা সম্বলিত ০৯ (নয়) টি Climate Controlled মাইক্রোবাস ভাড়া করার জন্য মালিক/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলীর ভিত্তিতে এতদ্সংগে সংযুক্ত তফসিল ছক পূরণ সাপেক্ষে দরপ্রস্তাব আহবান করা যাচ্ছে।

১. ১২-১৪ আসন ও ৪-৫ দরজা বিশিষ্ট সুন্দর উন্নতমানের Climate Controlled মাইক্রোবাস। ২০০৪ সালের পূর্বের মাইক্রোবাস গ্রহণযোগ্য নয়।
২. দাখিলকৃত দরপত্রের কার্যকারিতা (Validity) দরপ্রস্তাব খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বহাল থাকবে ।
৩. দরপত্র দাতাকে দরপত্রের সাথে নির্ধারিত "দর প্রস্তাব তফসিল" ছকে অংক ও কথায় দর উল্লেখ করতে হবে এবং লিখিত দরে কোন প্রকার ঘষামাজা বা উপরিলিখন অথবা কারেকটিং ফ্লুইড গ্রহণযোগ্য হবে না।
৪. তফসিলে বর্ণিত নির্ধারিত রুট অনুযায়ী গাড়ী ভাড়া করা হবে। তবে কোন রুট পরিবর্তন/পরিবর্ধন/সংশোধনের ফলে মাইলেজ অপরিবর্তিত থাকলে ভাড়াও অপরিবর্তিত থাকবে, মাইলেজ ১০% হ্রাস/বৃদ্ধির ফলে ভাড়া হ্রাস/বৃদ্ধি হবে না। তবে ১০% এর অধিক হ্রাস/বৃদ্ধি হলে ভাড়া আনুপাতিক হারে হ্রাস/বৃদ্ধি পাবে।
৫. দরদাতাকে দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, গাড়ীর হালনাগাদ ব্লু-বুক, ফিটনেস সার্টিফিকেট, ট্যাক্স টোকেন, আপ-টু-ডেট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, ইন্স্যুরেন্স সার্টিফিকেট ও আনুষংগিক কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। দরদাতাকে দরপত্রের সাথে এ মর্মে অংগীকার নামা সংযুক্ত করতে হবে যে, কৃতকার্য দরাদতা হিসেবে চুক্তিপত্র স্বাক্ষরের জন্য পত্র জারীর ০৭(সাত)দিনের মধ্যে গাড়ীর উল্লিখিত কাগজপত্রের মূল কপি জমা প্রদান করা হবে। অন্যথায় দরপত্র সিকিউরিটির অর্থ সরাসরি বাজেয়াপ্ত করা হবে।
৬. দরদাতাকে দরপত্রের সাথে ভ্যাট এবং টিআইএন সার্টিফিকেটসহ হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৭. দরপত্রের সাথে দাখিলকৃত যে কোন মিথ্যা/ভুয়া কাগজপত্র দাখিলের জন্য অর্নেষ্টমানি বাজেয়াপ্ত হবে এবং নির্বাচিত ব্যক্তি বা ফার্মের বিরুদ্ধে পরবর্তীতে যদি কোন জালিয়াতি প্রমাণিত হয় সে ক্ষেত্রে নিরাপত্তা জামানতের অর্থ বাজেয়াপ্তসহ অন্যান্য আইনানুগ ব্যবস্হা গ্রহণ করা হবে।
৮. সীলমোহরকৃত খামের উপর কাজের নাম এবং পার্শ্বে দরদাতার নাম ও ঠিকানা, টেলিফোন নম্বর পরিস্কারভাবে উল্লেখ করতে হবে।
৯. গাড়ীর জ্বালানী, গাড়ী চালকের ও হেলপারের বেতন-ভাতা, গাড়ীর রক্ষণাবেক্ষণ ও মেরামত, লাইসেন্স, বীমা ইত্যাদির ব্যয়ভার গাড়ী সরবরাহকারীকে বহন করতে হবে।
১০. তফসিলে বর্ণিত রুটের তালিকা অনুযায়ী ভাড়াকৃত মাইক্রোবাসসমূহ চলাচল করবে। সাপ্তাহিক/সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ০৮.৫০ ঘটিকার মধ্যে যাত্রীদিগকে অবশ্যই সেগুনবাগিচাস্হ দুর্নীতি দমন কমিশন কার্যালয়ে পৌছাতে হবে এবং অফিস ছুটির পর প্রতিদিন বিকাল ০৫.১০ ঘটিকার সময় সেগুনবাগিচাস্হ দুর্নীতি দমন কমিশন কার্যালয় হতে মাইক্রোবাসসমূহ নির্দিষ্ট রুটসমূহে ফেরত চলাচল করে যাত্রীদিগকে গন্তব্য স্হানে পৌছাবে। তবে সরকারী সিদ্ধান্ত অনুযায়ী অফিস সময় পরবর্তন হলে তদানুযায়ী মাইক্রোবাস চালাতে হবে। বিলম্বে উপস্হিতির জন্য বিলম্ব সময়ের ১.৫ (দেড়গুন) হারে গাড়ী ভাড়ার বিল হতে ক্ষতিপূরণ স্বরুপ কর্তন করা হবে।
১১. গাড়ী চলাকালীন সময়ে যান্ত্রিক গোলযোগ বা অন্য কোন কারণে চলাচলে বিঘ্ন ঘটলে তাৎক্ষণিকভাবে রিপ্লেসমেন্টের ব্যবস্হা করতে হবে এবং রিপ্লেসমেন্টের ব্যবস্হা না করলে ঐ দিনের ভাড়ার অর্থ পরিশোধ করা হবে না। অধিকন্ত দৈনিক ভাড়ার সমপরিমান অর্থ ভাড়ার বিল হতে কর্তন করা হবে।
১২. প্রতিটি গাড়ী সরকারী ছুটির দিন বাদে নিয়মিতভাবে কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে যাতায়াতের জন্য ব্যবহৃত হবে, হরতাল/অবরোধ বা অনুরূপ কোন কারণে গাড়ী সম্পূর্নরূপে বন্ধ থাকলে ঐ দিনের ভাড়া প্রদেয় হবে না।
১৩. কোন ট্রিপ এর জন্য গাড়ী সরবরাহ করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদার ঐ ট্রিপ এর জন্য নির্ধারিত ভাড়ার দ্বিগুন জরিমানা দিতে বাধ্য থাকবেন এবং উক্ত অর্থ প্রদেয় বিল হতে কর্তন করা হবে । তবে হরতাল বা এরুপ কোন কারণে উক্ত জরিমানা প্রয়োজন হবে না।
১৪. গাড়ী ব্যবহারকালীন কোন প্রকার দূর্ঘটনা/অপ্রত্যাশিত ঘটনায় তৃতীয় পক্ষের কোন প্রকার ক্ষয়ক্ষতি হলে এর দায় গাড়ী সরবরাহকারীকে বহন করতে হবে, ব্যবহারকারী কর্তৃপক্ষ কোন প্রকার দায় দায়িত্ব বহন করবে না।

১৫. কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনের) কার্যদিবসের মধ্যে গ্রহণযোগ্য গাড়ী প্রদান করতে হবে। অন্যথায় সিকিউরিটির টাকা বাতিলসহ কার্যাদেশ বাতিল করা হবে।

১৬. প্রতি মাসের বিল পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার পরিচালক (অর্থ ও হিসাব) বরাবরে দাখিল করতে হবে, যা সরকারী নিয়মানুযায়ী প্রযোজ্য হারে ভ্যাট ও অন্যান্য কর কর্তন সাপেক্ষে চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

১৭. কমিশনের প্রতিনিধি কর্তৃক পূর্ব পরিদর্শন সাপেক্ষে সান্তোষজনক বিবেচিত হলে গাড়ী ভাড়া করা হবে। কৃতকার্য দরদাতাকে ভাড়ার মেয়াদ চলাকালীন গাড়ী যথোপযুক্ত ও নিয়মিত রক্ষণাবেক্ষণ নিশ্চত করতে হবে।

১৮. কৃতকার্য দরদাতার সাথে ০১(এক) বৎসরের জন্য চুক্তি সম্পাদিত হবে। চুক্তির মেয়াদকাল শেষে উভয়পক্ষের সম্মতিক্রমে একই দরে চুক্তির কার্যকারিতা আরো ০১(এক) বৎসর মেয়াদের জন্য বর্ধিত করা যাবে। দুর্নীতি দমন কমিশন/সরবরাহকারী প্রয়োজনে চুক্তিকালীন সময়ে দুই মাসের পূর্ব নোটিশের মাধ্যমে চুক্তিপত্র বাতিল করতে পারবেন।

১৯. চুক্তি সম্পাদনের সময় যে মাইক্রোবাসগুলি সরেজমিনে দেখান হবে, সঙ্গত কারণ ব্যতিরেকে উহা পরিবর্তন করা যাবে না । তবে মাইক্রোবাস পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিলে একই মানের পরিবর্তিত গাড়ীগুলি পরিবহণ বিভাগের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে দেখিয়ে ও উহার কাগজপত্র জমা দিয়ে পরিবর্তন করা যাবে, তবে সেগুলি ২০০৪ সনের পূর্বের গাড়ী হবে না।

২০. তফসিলে বর্ণিত গাড়ী কোন কারণে অচল হলে অনুরুপ মানের গাড়ী বদলী হিসেবে সরবরাহ করা যাবে, যা প্রতি মাসে একবারের অধিক হবে না এবং নির্দিষ্ট চুক্তিকালীন সময়ের মধ্যে গাড়ীর সার্বিক অবস্হা খারাপ হলে গাড়ীর মালিক ১৫(পনের) দিনের মধ্যে গাড়ী মেরামত করতে বাধ্য থাকবেন, অন্যথায় ৬০(ষাট) দিনের নোটিশ জারী করে চুক্তি বাতিল করতে পারবেন এবং নিম্নমানের গাড়ী সরবরাহের জন্য নিম্নমানের গাড়ীর সরবরাহকালীন সময়ের বিল হতে ১০% হারে জরিমানা কর্তন করা হবে।

২১. ভাড়াকৃত গাড়ী সরবরাহকারীর নিয়ন্ত্রণে থাকবে।

২২. গাড়ী কোন কারণে বিকল হলে পরবর্তী দিবসের মধ্যে অবশ্যই সমমানের গাড়ী প্রতিস্হাপন হিসেবে প্রদান করতে হবে। ইহাছাড়া ০৩ (তিন) দিনের মধ্যে সমমানের গাড়ী প্রতিস্হাপন না করলে কর্তৃপক্ষ বিকল্প ব্যবস্হা গ্রহণ করবে এবং গাড়ী প্রদানে ব্যর্থতার জন্য নিরাপত্তা জামানত বাজেয়াপ্তকরণসহ চুক্তি বাতিল করা যাবে।

২৩. ব্যবহারকারী কর্তৃপক্ষের মনোনীত কর্মকর্তা/কর্মকর্তাগণের প্রত্যয়ন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে। ভাড়াকৃত গাড়ী চলাচলের জন্য সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষের সম্মতি সাপেক্ষে সমমানের গাড়ী দ্বারা প্রতিস্হাপন করতে হবে।

২৪. সরবরাহকৃত গাড়ী রাস্তায় চলাচলের সময় যাবতীয় কাগজপত্রাদি হালনাগাদ ও সঠিক থাকতে হবে এবং গাড়ী চালকের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। প্রয়োজনীয় কাগজপত্রাদির অভাবে পুলিশ কর্তৃক জরিমানা বা গৃহীত ব্যবস্হার সকল দায়-দায়িত্ব গাড়ী সরবরাহকারীকে বহন করতে হবে। অধিকন্তু সরবরাহকৃত গাড়ী নির্ধারিত তারিখে রাস্তায় চলাচলের পূর্বে প্রয়োজনীয় কাগজপত্রাদি অবশ্যই দুর্নীতি দমন কমিশনের মাধ্যমে নিশ্চিত করতে হবে।

২৫. নির্বাচিত ঠিকাদারগণকে তাদের গাড়ীর চালক এবং হেলপারদেরকে অবশ্যই পরিস্কার এবং রুচি সম্মত প্যান্ট ও শার্ট পরিহিত অবস্হায় ডিউটি পালনে নির্দেশ প্রদান করতে হবে। গাড়ী চালকের আচরণ ভদ্র ও মার্জিত হতে হবে। ব্যবহারকারীদের সাথে অভদ্র ও অমার্জিত আচরণ করলে অবহিত হওয়া মাত্র চালক পরিবর্তন করে দিতে হবে।

২৬. গাড়ী সরবরাহের ক্ষেত্রে দরদাতার পক্ষ হতে দুর্নীতি দমন কমিশনকে কোন প্রকার অতিরিক্ত শর্ত আরোপ করা হলে দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২৭. চুক্তি পত্র স্বাক্ষরের পর গ্রহণযোগ্য গাড়ী প্রদানে ব্যর্থ হলে অথবা অস্বীকার করলে কর্তৃপক্ষ কর্তৃক চুক্তিপত্র বাতিল ও নিরাপত্তা জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

২৮. গাড়ী সরবরাহের চুক্তিপত্র স্বাক্ষরের নিমিত্ত সরবরাহকারী বা তার কর্তৃত্ব প্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ দুর্নীতি দমন কমিশনে ব্যক্তিগতভাবে উপস্হিত থাকতে হবে।

২৯. নিরাপত্তা জামানতের অর্থ দুর্নীতি দমন কমিশনের নিকট চুক্তির মেয়াদ শেষে পরবর্তী ০৩(তিন) মাস পর্যন্ত বিনা সুদে জমা থাকবে। কোন প্রকার অর্থ আদায়ের প্রয়োজন হলে কর্তৃপক্ষ নিরাপত্তা জামানত হতে তা আদায় করতে পারবে।

৩০. দরপ্রস্তাব প্রতিটি গাড়ীর জন্য আলাদাভাবে মূল্যায়ন করা হবে এবং তার ভিত্তিতে একজন সরবরাহকারীর নিকট হতে এক বা একাধিক গাড়ী ভাড়া নেয়া হবে । অতিরিক্ত গাড়ীর প্রয়োজন হলে একই দরে ও শর্তে ভাড়া গাড়ীর সংখ্যা বৃদ্ধি করা যাবে।

৩১. দরপত্র আগামী ২২/০৫/২০১১ তারিখ বেলা ১১.০০ ঘটিকার মধ্যে দুর্নীতি দমন কমিশনে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। একই দিন বেলা ১১.৩০ ঘটিকায় দরদাতা বা তাদের প্রতিনিধির উপস্হিতিতে (যদি কেহ থাকেন) দরপত্র খোলা হবে। অনিবার্য কারণ বশতঃ দরপত্র খোলার দিন অফিস বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে একই সময়ে দরপত্র গ্রহণ ও খোলা হবে।

৩২. দরপত্রের সাথে সিকিউরিটি হিসেবে প্রতিটি মাইক্রোবাসের জন্য কোন তফসিলী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ১৩,০০০/- (তের হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-এর অনুকূলে অবশ্যই সংযুক্ত করতে হবে। সিকিউরিটি মানি ব্যতীত দরপত্র সরাসরি বাতিল করা হবে। দরপত্র দাতা সরকারি সংস্হা হলে সিকিউরিটি মানি প্রদান বাধ্যতামূলক নহে।

৩৩. দরপত্রে দরদাতাগণকে রুট নং, রুটের বিবরণ উল্লেখপূর্বক মাইক্রোবাসের সংখ্যা অনুযায়ী সিকিউরিটির টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এর মধ্যে কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে দরপত্র বাতিল/অগ্রহণযোগ্য হবে।

৩৪. একজন দরদাতা এক বা একাধিক রুটের জন্য দরপত্র দাখিল করতে পারবেন।

৩৫. গাড়ীর যে কোন দূর্ঘটনার জন্য উক্ত গাড়ীতে চলাচলরত কর্মকর্তা/কর্মচারীদেরকে সরকারী নিয়ম ও বিধি অনুসারে যথোপযুক্ত ক্ষতিপূরণ প্রদানের জন্য সরবরাহকৃত গাড়ীর স্বপক্ষে যাত্রী বীমা থাকতে হবে।

৩৬. দরপত্রের সাথে অবশ্যই দরপত্র সিডিউল ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে।

৩৭. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।

৩৮. রুটের বিবরণ:

রুট নং	রুটের বিবরণ
১	পল্লবী-মিরপুর-১০ (ন্যাম)-ক্যান্টনমেন্ট-ইস্কাটন-সেগুনবাগিচা
২	শেখের টেক-মোহাম্মদপুর-সোবহানবাগ-শংকর-ধানমন্ডি-সাইন্সল্যাব-পিজি-সেগুনবাগিচা
৩	মিরপুর-১-বাংলা কলেজ-পাইকপাড়া-শ্যামলী-আগারগাঁও-ফার্মগেট-শেরাটন-বেইলী রোড-সেগুনবাগিচা
৪	গোড়ান-খিলগাঁও-শহীদবাগ-শাহজাহানপুর-মতিঝিল কলোনী-মালিবাগ-বেইলী রোড-সেগুনবাগিচা
৫	শেওরাপাড়া-সেনপাড়া-আগারগাঁও-ফার্মগেট-শেরাটন-বেইলী রোড-সেগুনবাগিচা
৬	ফার্মগেট-গ্রীণ রোড-সাইন্স ল্যাব-নিউমার্কেট-পলাশী-আজিমপুর-সেগুনবাগিচা
৭	উত্তরা-মগবাজার-বেইলী রোড-সেগুনবাগিচা
৮	মধ্যবাড্ডা-বনশ্রী-রামপুরা-সেগুনবাগিচা
৯	যাত্রাবাড়ী-মানিকনগর-টিটিপাড়া-মুগদা-মায়াকানন-বাসাবো-সেগুনবাগিচা

৩৯. দরদাতা কর্তৃক পূরণকৃত ছক (দরদাতার স্বাক্ষর ও প্রতিষ্ঠানের সীলসহ পৃথক কাগজে দর উল্লেখ করা যাবে):

রুট নং	গাড়ীর রেজিঃ নং, মডেল, ক্ষমতা (সিসি) এবং আসন সংখ্যা	ট্রিপ প্রতি দর(অংকে ও কথায়) (* ১ ট্রিপ= ১টি পিক আপ+১টি ড্রপ)

৪০. দরদাতার অঙ্গীকার নামা:

আমি ....এই মর্মে অঙ্গীকার করছি যে, অত্র টেন্ডার সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী মেনে দরপত্র দাখিল করলাম এবং পরবর্তীতে মেনে চলতে বাধ্য থাকব। আমার অফারের সাথে যে সকল তথ্য/তথ্যাবলী প্রদান করেছি তা এবং দলিলাদির সমর্থনে যে সকল ফটোকপিসমূহ প্রদান করেছি উহাতে যদি কোন ব্যতিক্রম/ভুল/প্রতারণামূলক কিছু পাওয়া যায় তবে সে কারণে দরপত্র অথবা চুক্তি বাতিল করা হলে আমি/আমরা কোন প্রকার আপত্তি/আইনগত ব্যবস্হা গ্রহণ ছাড়াই তা মেনে নিতে বাধ্য থাকব।

৪১. সিকিউরিটি মানি হিসেবে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর ও তারিখ:

দরদাতার নাম ও ঠিকানা:

ফোন নং

ফ্যাক্স নং

ই-মেইল

মোঃ আবদুল ওয়াদুদ
পরিচালক (অর্থ ও হিসাব)